



## DACOIT OF EXCELLENCE 2 এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত



২৩ সেপ্টেম্বর ২০২১-বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যারিয়ার ক্লাবের আয়োজনে উপাচার্যের কনফারেন্স কক্ষে প্রতিযোগিতায় অংশগ্রহনকারী শিক্ষার্থীদের মাঝে DACOIT OF EXCELLENCE এর পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার এবং উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ প্রধান অতিথি হিসেবে পুরস্কার বিতরণ করেন।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যারিয়ার ক্লাবের চিফ মডারেটর ও ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মোঃ মহিউদ্দিন, মডারেটর সহকারী অধ্যাপক মোঃ শফিকুল ইসলাম সহ ক্লাবের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য প্রায় ২ মাস ব্যাপী অনলাইন প্ল্যাটফর্মে আয়োজিত আন্তঃবিশ্ববিদ্যালয় বিজনেস কেস কম্পিটিশনে ৬৫ টি বিশ্ববিদ্যালয় অংশগ্রহন করে।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



এদের মধ্যে চ্যাম্পিয়ন হয় টিম The Bizmaster ঢাকা বিশ্ববিদ্যালয়, আইবিএ ফাস্ট রানারআপ টিম Imperial March, ব্র্যাক ইউনিভার্সিটি সেকেন্ড রানারআপ টিম, Game Plan বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস এবং ইমার্জিং টিম হিসেবে জয়লাভ করেন Apocalypse, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, আইবিএ।